

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৭৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনিত সব কিছুর উপর বিশ্বাস করা ঈমানের অন্তর্ভুক্ত

ذَكَرُ الْبَيَانِ بَأَنَّ الْإِيمَانَ بِكُلِّ مَا جَاءَ بِهِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْإِيمَانِ

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ بِالْبَصْرَةِ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَقُولُوا لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَإِذَا شَهِدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَآمَنُوا بِي وَبِمَا جِئْتُ بِهِ عَصَمُوا مِنِّي دِمَاءَهُمْ وَأَمْوَالَهُمْ إِلَّا بِحَقِّهَا وَحِسَابُهُمْ عَلَى اللَّهِ".

তফরদ বে দরাওরদি কালে শাইখ.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 174 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭৪. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'আমি আদিষ্ট হয়েছি মানুষের সাথে সংগ্রাম করতে, যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই।' যখন তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই।' এবং আমি ও আমার আনিত সমস্ত বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করবে, তখন তারা আমার থেকে তাদের রক্ত ও সম্পদ নিরাপদ করে নিবে। তবে সম্পদের হক ব্যতীত। আর তাদের হিসাব আল্লাহর উপর বর্তাবে।'[1]

এটি দারাওয়ারদি এককভাবে বর্ণনা করেছেন। এটি আমাদের শাইখ বলেছেন।

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২১; বাইহাকী: ৮/২০২; দারাকুতনী: ২/৮৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১২২; আবু দাউদ: ২৬৪০; তিরমিযী: ২৬০৬; ইবনু মাজাহ: ৩৯২৭; মুসনাদ আহমাদ: ২/৩১৪; নাসাঈ: ৬/৬; বাগাবী: ৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88383>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন